



ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু প্রশাসন শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website : www.bb.org.bd

ডিসিএম পরিপত্র নং- ০১/২০১৬

তারিখ : ২৮ পৌষ, ১৪২২
১১ জানুয়ারী, ২০১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে
সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।

শীর্ষোক্ত বিষয়ে অত্র বিভাগের ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-১২/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে।

উক্ত পরিপত্রের মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে তাদের গ্রাহকদের নিকট হতে ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা ও
কাগুজে নোট গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু বিভিন্ন পত্র-পত্রিকা, ব্যক্তিগত অভিযোগপত্র এবং ফোনের মাধ্যমে প্রাপ্ত
অভিযোগ হতে প্রতিভাত হচ্ছে যে, তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক অনেকক্ষেত্রে তাদের গ্রাহকদের নিকট হতে ধাতব মুদ্রা
যথাযথভাবে গ্রহণ করা হচ্ছে না। ফলে ধাতব মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে জনসাধারণ বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন যা তাঁদের স্বাভাবিক
অর্থনৈতিক লেনদেনে বিঘ্ন সৃষ্টি করছে।

জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে সকল তফসিলী ব্যাংককে তাদের গ্রাহকদের নিকট হতে
মূল্যমান নির্বিশেষে সকল প্রকার ধাতব মুদ্রা গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হলো। এ নির্দেশনা লঙ্ঘিত হলে
এবং এ বিষয়ে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা লঙ্ঘনের দায়ে ব্যাংক কোম্পানী
আইন এর সংশ্লিষ্ট ধারার আওতায় অর্থদণ্ড আরোপ করা হবে।

এ প্রসঙ্গে ইস্যুকৃত ০৭/০৯/ ২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-০৮/২০১৫ এবং ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম
সার্কুলার নং-১২/২০১৫ এর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৩২